

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৫০৪

শান্তিরবাজার, ২ নভেম্বর, ২০২৩

ভোটার তালিকার বিশেষ সংশোধন  
শান্তিরবাজার মহকুমায় সর্বদলীয় সভা

ভোটার তালিকার বিশেষ সংশোধন নিয়ে গতকাল শান্তিরবাজার মহকুমা শাসক কার্যালয়ে এক সর্বদলীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য ৩৬-শান্তিরবাজার (এসটি) ও ৩৮-জোলাইবাড়ি (এসটি) বিধানসভা কেন্দ্রের খসড়া ভোটার তালিকা রাজনৈতিক দলের প্রতিনিধিদের হাতে তুলে দেন। সভায় মহকুমা শাসক জানান, আগামী ১ নভেম্বর ২০২৩ থেকে ৫ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত খসড়া ভোটার তালিকার উপর দাবী ও আপত্তি জানানো যাবে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী ৫ জানুয়ারি ২০২৪ ইং। ভোটার তালিকার বিশেষ সংশোধন নিয়ে আগামী ৪,৫, ১৮ ও ১৯ নভেম্বর মহকুমায় বিশেষ প্রচার অভিযান সংগঠিত করা হবে। সভায় বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*